

## নিয়োগ বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- ২৯,০০০-৬৩,৪১০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ০১ (এক)টি শূণ্য ইনস্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ার পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল (EEE) বিষয়ে বি.এসসি. ডিগ্রিধারী হইতে হইবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ-২.০০ এবং বি.এসসি.-তে ন্যূনতম ২য় শ্রেণি/সিজিপিএ-২.২৫ থাকিতে হইবে। প্রার্থীকে কোন বিশ্ববিদ্যালয়ে মেশিন এবং পাওয়ার ল্যাবের যন্ত্রপাতি পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ছাত্র-ছাত্রীদের ডেমনস্ট্রেশনের ০৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এছাড়া রেফ্রিজারেটর, এ.সি ও টিভি সার্ভিস-এর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। উল্লেখ্য যে, উপযুক্ত/প্রয়োজনীয় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী না পাওয়া গেলে শিক্ষাগত যোগ্যতা বহাল রাখিয়া অভিজ্ঞতার সময়কাল শিথিল করে উক্ত পদের বিপরীতে সহকারী প্রকৌশলী (২২,০০০-৫৩,০৬০/- টাকা বেতন স্কেলে, ২০১৫) হিসাবে নিয়োগ দেওয়া যাইতে পারে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ০৩-০৫-২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাইতে হইবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।